# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

৩০১. নারী জাতির প্রতি কোমল থাকুন

وَعَاشِرُوهُنَّ بِالْمَعْرُوفِ

“এবং তাদের সাথে তোমরা সৎভাবে বা সম্মানজনকভাবে জীবন যাপন কর।” (৪-সূরা আন নিসাঃ আয়াত-১৯)

“এবং তিনি তোমাদের মাঝে পারস্পারিক ভালোবাসা ও করুণার সৃষ্টি করেছেন।” (৩০-সূরা আর রূমঃ আয়াত-২১)

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-

اسْتَوْصُوا بِالنِّسَاءِ خَيْرًا فَإِنَّمَا هُنَّ عَوَانٌ عِنْدَكُمْ

ভাবার্থঃ “নারীদের হিতাকাঙ্ক্ষী হও, কেননা, তারা তোমাদের হাতে বন্দী।”

خَيْرُكُمْ خَيْرُكُمْ لِأَهْلِهِ وَأَنَا خَيْرُكُمْ لِأَهْلِي

ভাবার্থঃ “তোমাদের মধ্যে সে ব্যক্তি উত্তম যে তার পরিবারের জন্য ভালো আর আমি আমার পরিবারের জন্য তোমাদের সবার চেয়ে উত্তম।”

সুখী পরিবার প্রেম-ভালোবাসা, সন্তুষ্টি ও পরিতৃপ্তি এবং মহান আল্লাহর ভয়ে পূর্ণ থাকে।

“তবে কি সে উত্তম যে নাকি আল্লাহর ভয় ও সন্তুষ্টির উপর তার দালানের ভিত্তি স্থাপন করে, নাকি সে উত্তম যে নাকি খাড়া উঁচু গিরিচূড়ার ধ্বসোন্মুখ কিনারায় তার দালানের ভিত্তি স্থাপন করে, ফলে তা তাকে নিয়ে জহান্নামের আগুনে ধ্বসে পড়ে? আর আল্লাহ্ জালিমদের হিদায়াত (সঠিক পথ প্রদর্শন) করেন না।” (৯-সূরা তাওবাঃ আয়াত-১০৯)

জালিম বলতে বুঝায় নিষ্ঠুর, হিংস্র, অহংকারী, মুশরিক (বহু ঈশ্বরবাদী বা অংশীবাদী) এবং অন্যায়কারী ও অত্যাচারী।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7809

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন